

নং-২৮.০১.০০০০.০১২.১৭.০০২.২১.৩৩৩৯

তারিখ: ২৫ আশ্বিন ১৪২৮ বঙ্গাব্দ  
১০ অক্টোবর ২০২১ খ্রিষ্টাব্দ

## ভোক্তাপর্যায়ে বেসরকারি এলপিজি'র ট্যারিফ (মূল্যহার) পরিবর্তনসহ মূল্য সমন্বয় সংক্রান্ত

### প্রেস বিজ্ঞপ্তি

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন কর্তৃক নির্ধারিত/পুনঃনির্ধারিত বেসরকারি লিকুইফাইড পেট্রোলিয়াম গ্যাস (এলপিজি)'র ট্যারিফ (মূল্যহার) পরিবর্তনের বিষয়ে বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ধারা ৩৪(৬) মতে ১৮টি বেসরকারি এলপিজি লাইসেন্সী কমিশনে আবেদন/প্রস্তাব পেশ করে। উক্ত আবেদন/প্রস্তাবসমূহের ওপর ১৩ সেপ্টেম্বর ২০২১ তারিখে কমিশন আবেদনকারী লাইসেন্সীগণ এবং আগ্রহী পক্ষগণের শুনানি গ্রহণ করে। বিস্তারিত পর্যালোচনা ও বিশ্লেষণাত্মক রিট পিটিশন নম্বর-১৩৬৮৩/২০১৬ এর পরিপ্রেক্ষিতে মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক ২৫ আগস্ট ২০২০ তারিখের আদেশের ধারাবাহিকতা এবং বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ধারা ২২(খ) ও ৩৪ এ প্রদত্ত দায়িত্ব ও ক্ষমতাবলে কমিশন কর্তৃক বেসরকারি এলপিজি'র ভোক্তাপর্যায়ের মূল্য নিম্নলিখিতভাবে পুনঃনির্ধারণ করা হয়েছে, যথা:-

(ক) অক্টোবর ২০২১ মাসের জন্য সৌদি আরামকো কর্তৃক প্রোপেন এবং বিউটেনের ঘোষিত Saudi Contract Price (Saudi CP) যথাক্রমে প্রতি মেট্রিক টন ৮০০ মার্কিন ডলার এবং ৭৯৫ মার্কিন ডলার অনুযায়ী প্রোপেন ও বিউটেনের মিশ্রণ অনুপাত ৩৫:৬৫ বিবেচনায় প্রোপেন ও বিউটেনের গড় Saudi CP প্রতি মেট্রিক টন ৭৯৬.৭৫ মার্কিন ডলার বিবেচনায়-

- (i) বেসরকারি এলপিজি'র রিটেইলার পয়েন্টে ভোক্তাপর্যায়ে মুসক ব্যতীত মূল্য প্রতি কেজি ৯৮.৩৩ টাকা এবং মুসকসহ মূল্য প্রতি কেজি ১০৪.৯২ টাকা পুনঃনির্ধারণ করা হয়েছে। সে অনুযায়ী রিটেইলার পয়েন্টে ভোক্তাপর্যায়ে প্রতি ১২ কেজি এলপিজি'র মুসকসহ মূল্য ১,২৫৯/- টাকা পুনঃনির্ধারণ করা হয়েছে। এছাড়া ৫.৫, ১২.৫, ১৫, ১৬, ১৮, ২০, ২২, ২৫, ৩০, ৩৩, ৩৫ এবং ৪৫ কেজি এলপিজি'র ভোক্তাপর্যায়ে মূল্য পুনঃনির্ধারণ করতঃ আদেশ প্রদান করা হয়েছে। উল্লেখ্য, Saudi CP আগস্ট ২০২১ মাসের তুলনায় অক্টোবর ২০২১ মাসে প্রতি মেট্রিক টন গড়ে ১৪০ মার্কিন ডলার বৃদ্ধি পাওয়ায় বোতলজাতকৃত প্রতি ১২ কেজি এলপিজি'র মূল্য মুসকসহ বৃদ্ধি পেয়েছে ১৫৮ টাকা;
- (ii) বেসরকারি লাইসেন্সীগণ কর্তৃক রেটিকুলেটেড পন্থতিতে সরবরাহকৃত বেসরকারি এলপিজি'র ভোক্তাপর্যায়ে মুসক ব্যতীত মূল্য প্রতি কেজি ৯৫.১৭ টাকা এবং মুসকসহ মূল্য প্রতি কেজি ১০১.৬৮ টাকা বা রেটিকুলেটেড পন্থতিতে গ্যাসীয় অবস্থায় সরবরাহকৃত এলপিজি'র ভোক্তাপর্যায়ে মুসক ব্যতীত মূল্য প্রতি লিটার ০.১১১৪ টাকা এবং মুসকসহ মূল্য প্রতি লিটার ০.২২৫৯ টাকা পুনঃনির্ধারণ করতঃ আদেশ প্রদান করা হয়েছে; এবং
- (iii) ভোক্তাপর্যায়ে অটোগ্যাসের মুসক ব্যতীত মূল্য প্রতি লিটার ৫৫.২৭ টাকা বা মুসকসহ মূল্য প্রতি লিটার ৫৮.৬৮ টাকা পুনঃনির্ধারণ করতঃ আদেশ প্রদান করা হয়েছে।

০১। কমিশন কর্তৃক ২৯ চৈত্র ১৪২৭ বঙ্গাব্দ/১২ এপ্রিল ২০২১ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত বিইআরসি আদেশ নম্বর: ২০২১/০১ এর মাধ্যমে নির্ধারিত/পুনঃনির্ধারিত এলপি গ্যাস লিমিটেড (এলপিজিএল) এর এলপিজি'র (সরকারি এলপিজি) ভোক্তাপর্যায়ের মূল্য অপরিবর্তিত থাকবে।

০৩। ভোক্তাপর্যায়ে এলপিজি'র পুনঃনির্ধারিত মূল্য সংক্রান্ত কমিশনের এ আদেশ ২৫ আশ্বিন ১৪২৮ বঙ্গাব্দ/১০ অক্টোবর ২০২১ খ্রিষ্টাব্দ তারিখ হতে প্রযোজ্য ও কার্যকর হবে।

০৪। উল্লেখ্য যে, অদ্যকার জারীকৃত বিইআরসি আদেশ নম্বর: ২০২১/০৭ এর অনুচ্ছেদ ৯.৫ অনুযায়ী বেসরকারি এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ লাইসেন্স/অটোগ্যাস স্টেশন লাইসেন্স কর্তৃক সরবরাহকৃত এলপিজি এবং অটোগ্যাসের ভোক্তাপর্যায়ের মূল্য সমন্বয় আদেশ প্রতি মাসের ০৭ তারিখের মধ্যে জারী করা হবে।

০৫। বেসরকারি এলপিজি'র ভোক্তাপর্যায়ের মূল্য এবং অটোগ্যাসের ভোক্তাপর্যায়ের মূল্য সংক্রান্ত বিজ্ঞপ্তিসমূহ এতদসঙ্গে সংযুক্ত করা হলো। পূর্ণাঙ্গ আদেশ [www.berc.org.bd](http://www.berc.org.bd) ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।

  
মোঃ আবুল কালাম আজাদ  
সচিব, বিইআরসি।  
ফোন: ০২-৫৫০১৪০০৭